দামুড়হুদায় গণহত্যা ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষে প্রস্ততিমূলক সভা

দামুড়হুদায় ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন, ২৫ মার্চ গনহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপনের লক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০টার সময় দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন সুলতানা, সমবায় অফিসার হারুন অর রশিদ, দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সভাপতি রুস্তম আলী, বীরমুক্তিযোদ্ধা কমরেড সৈয়দ মজনুর রহমান, আছের উদ্দিন, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নূরন্নবী, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী,দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশিদ সহ উপজেলার সকল অফিসার বৃন্দ, সমাজসেবক, শিক্ষক ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় বক্তারা বলেন, গণহত্যা ও মহান স্বাধীনতা দিবস আমাদের জাতীয় জীবনের অহংকার। দিবসটি যথাযথভাবে উদযাপনে দামুড়হুদা উপজেলা প্রশাসন প্রতিবছরই বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করে থাকে। এবছরও দিবসটি পালনে প্রশাসনের ব্যাপক প্রস্ততি নিবে।

এছাড়াও দিবসের সকল কর্মসূচি সুন্দর, সফল ও সার্থক করতে প্রশাসনের সকল কর্মকর্তা- কর্মচারীদের অনুরোধ জানান বক্তারা।